

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩ ১/ বিবিধ

আরবী

أهل الشام سوط الله في أرضه ينتقم بهم ممن يشاء من عباده، وحرام على منافقيهم أن يظهروا على مؤمنيهم، ولا يموتوا إلا غما وهما ضعيف

أخرجه الطبراني في " المعجم الكبير " (4163) من طريقين عن الوليد بن مسلم عن محمد بن أيوب بن ميسرة بن حلبس عن أبيه عن خريم بن فاتك الأسدي صاحب رسول الله صلى الله عليه وسلم أنه سمع رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره

وهذا إسناد ظاهره الصحة ولعله لذلك احتج به شيخ الإسلام ابن تيمية في فصل له في فضائل الشام (ق 259 / 1 من مسودته) وليس بصحيح فإن له علتين: الأولى: عنعنعة الوليد فإنه يدلس تدليس التسوية، قال الذهبي في " الميزان ": " إذا قال الوليد: عن ابن جريج أو عن الأو زاعى فليس بمعتمد لأنه يدلس عن كذابين فإذا قال: ثنا فهو ححة

وقال الحافظ في " التقريب ": هو ثقة لكنه كثير التدليس والتسوية الأخرى: الوقف فقد رواه موقوفا هيثم بن خارجة قال: حدثنا محمد بن أيوب به موقوفا على خريم

أخرجه أحمد (3 / 498) وسنده صحيح، وأو هم ابن تيمية أنه مرفوع وليس كذلك والحديث أورده المنذري في " الترغيب والترهيب " (4 / 63) وقال: رواه الطبراني



# مرفوعا وأحمد موقوفا ولعله الصواب، ورواتهما ثقات

#### বাংলা

১৩। শামের অধিবাসীরা আল্লাহর পৃথিবীতে তাঁর চাবুক। তিনি তাঁদের দ্বারা তাঁর বান্দাদের থেকে যাকে চান শাস্তি দেন। তাঁদের মুমিনদের উপর তাঁদের মুনাফিকদের প্রাধান্য বিস্তারকে হারাম করে দেয়া হয়েছে। তাঁদের মুনাফিকরা শুধুমাত্র চিন্তা ও অস্থির অবস্থায় মৃত্যুবরণ করবে।

### হাদীসটি দুর্বল।

এটি তাবরানী "মুজামুল কাবীর" গ্রন্থে (৪১৬৩) ওয়ালীদ বিন মুসলিম হতে দুটি সূত্রে বর্ণনা করেছেন।
দুটি কারণে হাদীসটি সহীহ নয়ঃ

১। ওয়ালীদ আন আন শব্দ দ্বারা বর্ণনা করেছেন। কারণ তিনি 'তাদলীসুত তাসবিয়া' করতেন। যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি যখন আন আন্ শব্দ দ্বারা ইবনু জুরায়েজ ও আওযাঈ হতে বর্ণনা করেন তখন তার বর্ণনা নির্ভরযোগ্য নয়। কারণ তিনি মিথ্যুকদের থেকে তাদলীস করতেন। তবে যখন 🖽 'আমাদেরকে হাদীস বর্ণনা করেছেন' এ শব্দ ব্যবহার করেছেন তখন তার হাদীস গ্রহণযোগ্য। [তাদলীসের ব্যাখ্যা সম্পর্কে ৫৭ পৃষ্ঠায় দেখুন।]

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি নির্ভরশীল। কিন্তু তিনি বহু তাদলীস এবং তাসবিয়া কারী।

২। মওকুফঃ মওকুফ (সাহাবীর বাণী) হিসাবে ইমাম আহমাদ (৩/৪৯৮) বর্ণনা করেছেন। এ সনদটি সহীহ। ইবনু তাইমিয়া সন্দেহ বশত হাদীসটিকে মারফু বলেছেন। কিন্তু আসলে সেরূপ নয়।

মুন্যেরী "তারগীব ওয়াত তারহীব" গ্রন্থে (৪/৬৩) বলেনঃ হাদীসটি মওকৃফ হিসাবেই সঠিক।

#### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন